৫)ঘ) প্রকৃতি ধ্বংসের যে ছবি কবিতায় ধরা পড়েছে তা তোমার নিজের ভাষায় লেখো।

উঃ:-"আকাশ চুরি" কবিতা আমাদের শেখায়, কীভাবে মানুষ প্রকৃতিকে নষ্ট করেছে। যেমন মানুষ গাছ কাটে, তাই চারপাশে সবুজ কমে যাচ্ছে। বড় বড় বাড়ি বানিয়ে আকাশ ঢেকে ফেলছে। কলকারখানার ধোঁয়া আকাশকে দূষিত করে দিচ্ছে। নদী ও মাঠ এখন কংক্রিটে ঢাকা পড়ে গেছে। পাখিরা জায়গা পাচ্ছে না, তারা দূরে চলে যাচ্ছে। কবি তাই বলছেন যে, মানুষ শুধু নিজের সুবিধা দেখে, প্রকৃতির কথা ভাবে না। প্রকৃতি দুঃখে ভরে যাচ্ছে, সুন্দর জায়গা গুলো হারিয়ে যাচ্ছে। এই কবিতা আমাদের চোখ খুলে দেয়, যেন আমরা প্রকৃতিকে ভালোবাসি ও রক্ষা করি।

১৫) বাঁচতে গেলে গাছের প্রয়োজন কেন--- তা জানিয়ে আটটি বাক্য লেখো।

উঃ গাছ আমাদের প্রাণভরে অক্সিজেন দেয়, যা নিঃশ্বাস নিতে সাহায্য করে।গাছ বাতাসকে পরিষ্কার

করে এবং পরিবেশকে সুস্থ রাখে। গাছ ছায়া দেয়, যা গরমে আমাদের আরাম দেয়। গাছ অনেক পশুপাখির বাসস্থান। গাছ মাটিকে ধরে রাখে, তাই ভেঙে পড়া বা ভূমিধ্বস হয় না।  গাছ থেকে ফল, ফুল এবং কাঠ পাওয়া যায়।  গাছ বৃষ্টি আনতে সাহায্য করে। গাছ আমাদের সুন্দর ও সবুজ পরিবেশ দেয়।

🌳বাড়ির কাজ

৫)ঙ) তোমার বাড়ির চারপাশের প্রকৃতি কেমন তা পাঁচটি বাক্যে লিখে জানাও।